সংবাদ

তারিখ ... 07 DEC 2017 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 7 ......

# ইবিতে ফের ভর্তি পরীক্ষা বাতিল!

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ভুলে ফের মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার তিন শিফটের মধ্যে এক শিফট বাতিল এবং এক শিফট স্থগিত করা হয়েছে। গতকাল বিকেল ৩টার দিকে ওই ইউনিটের সদস্যদের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। বাতিল হওয়া দ্বিতীয় শিফটের পরীক্ষা আগামী ৮ ডিসেম্বর সকাল ৯টায় এবং তৃতীয় শিফটের পরীক্ষা বেলা ১১টায় অনুষ্ঠিত হবে বলে সভা সূত্রে জানা গেছে।

ইউনিট সূত্রে জানা যায়, মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদভুক্ত 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা গতকাল তিন শিফটে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সে হিসেবে প্রথম শিফটের ভর্তি পরীক্ষা সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। পরে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত দ্বিতীয় শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু দেখা যায় প্রথম শিফটের পরীক্ষা পদ্ম এ এবং পদ্মা বি সেটে অনুষ্ঠিত হয়। দ্বিতীয় শিফটে বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত যমুনা এ এবং যমুনা বি সেটে পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু এখানে যমুনা এ সেট ঠিক থাকলেও যমুনা বি সেটের স্থলে প্রথম শিফটে সকাল ৯টায় অনুষ্ঠিত পরীক্ষার পদ্মা বি সেট চলে আসে। সকালে অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নপত্রে আবারও পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে ইউনিটের সদস্যরা উপাচার্যের কার্যালয়ে জরুরি সভায় বসে। সভায় উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক হারুন উর রশিদ আসকারী, উপ উপাচার্য অধ্যাপক শাহিনুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক সেলিম তোহা, ইউনিট সমন্বয়কারী অধ্যাপক দেবাশীষ শর্মা, ইউনিটের সদস্য অধ্যাপক জুলফিকার হোসেন, অধ্যাপক রাকিবা ইয়াসমিন, অধ্যাপক নাসিম বানু, অধ্যাপক মামুনুর রহমান এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এসএম আবদুল লতিফ। সভায় প্রথম এবং দ্বিতীয় শিফটের ভর্তি পরীক্ষা একই প্রশ্নে অনুষ্ঠিত হওয়ার বিষয়টি প্রমাণিত হলে দ্বিতীয় শিফটের পরীক্ষা বাতিল করে আগামী শুক্রবার সাকল ৯টা থেকে ১০টা পর্যন্ত নেয়ার সিদ্ধান্ত হয়। এছাড়া তৃতীয় শিফটের পরীক্ষার প্রশ্নপত্রে গরমিল থাকায় এ শিফটের পরীক্ষা স্থগিত করে ৮ ডিসেম্বর বেলা ১১টায় নেয়ার সিদ্ধান্ত হয়েছে।

'সি' ইউনিটের সমন্বয়কারী অধ্যাপক দেবাশীষ শর্মা বলেন, 'ভুলক্রমে একই প্রশ্নে দুই শিফটের পরীক্ষা নেয়া হয়েছে। বিষয়টি বুঝতে পেরে উপাচার্যের সঙ্গে আলোচনা করে পরীক্ষার নতুন সময়সূচি দেয়া হয়েছে।